

21st Meeting of SCO Council of Heads of State in Dushanbe, Tajikistan

September 15, 2021

ডুশানবে, তাজিকিস্তান-এ রাষ্ট্রপ্রধানদের এসসিও পরিষদের একবিংশতম বৈঠক

সেপ্টেম্বর 15, 2021

1. রাষ্ট্রপ্রধানদের এসসিও পরিষদের একবিংশতম বৈঠক 17 ই সেপ্টেম্বর 2021-এ ডুশানবেতে একযোগে অন লাইন এবং অফলাইনে অনুষ্ঠিত হবে। বৈঠকের পৌরোহিত্য করবেন তাজিকিস্তানের রাষ্ট্রপতি হিজ এক্সেলেন্সি ইমোমালি রাহমন। ভারতীয় প্রতিনিধিদের নেতৃত্ব দেবেন প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী এবং তিনি ভিডিয়ো লিঙ্কের মাধ্যমে শীর্ষ বৈঠকের পূর্ণাঙ্গ অধিবেশনে তার বক্তব্য রাখবেন। ডুশানবেতে ভারতের প্রতিনিধিত্ব করবেন বিদেশ মন্ত্রী ডঃ এস জয়শংকর।
2. এসসিও শীর্ষ বৈঠকে, এসসিও সদস্য দেশগুলির নেতৃত্ব, পর্যবেক্ষক দেশগুলি, এসসিও-র মহা নির্দেশক, এসসিও আঞ্চলিক সন্ত্রাসবিরোধী পরিকাঠামো (আরএটিএস) র নির্বাহী নির্দেশক, তুর্কমেনিস্তানের রাষ্ট্রপতি এবং অন্যান্য আমন্ত্রিত অতিথিগণ উপস্থিত থাকবেন।
3. এটি হল প্রথম এসসিও শীর্ষ বৈঠক যেটি হাইব্রিড ফরম্যাটে অনুষ্ঠিত হতে চলেছে এবং চতুর্থ শীর্ষ বৈঠক যেখানে ভারত এসসিও-র সকল সদস্য নিয়ে অংশগ্রহণ করবে। এই বছরে এই প্রতিষ্ঠান বিংশতম পূর্তি উদযাপন করছে তাই এই শীর্ষ বৈঠকটি বিশেষ ভাবে উল্লেখযোগ্য। আশা করা যাচ্ছে এই শীর্ষ বৈঠকে নেতৃত্ব গত দুই দশক ধরে এই প্রতিষ্ঠানের কাজকর্মের পর্যালোচনা করবেন এবং ভবিষ্যৎ সহযোগিতার অবস্থা ও প্রত্যাশা নিয়ে আলোচনা করবেন। আঞ্চলিক এবং আন্তর্জাতিক গুরুত্বের বিষয়গুলি নিয়েও আলোচনা হবে বলে আশা করা যাচ্ছে।

নিউ দিল্লি

সেপ্টেম্বর15,2021

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.